গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়
বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (NTRCA)
রেড ক্রিসেন্ট বোরাক টাওয়ার (৪র্থ তলা)
৩৭/৩/এ, ইস্কাটন গার্ডেন রোড, রমনা, ঢাকা-১০০০
www.ntrca.gov.bd

স্মারক নম্বর: ৩৭.০৫.০০০০.০০০.০১১.০১.০০০১.২৫-৯৯

তারিখ: ০২ আষাঢ় ১৪৩২ বঙ্গাব্দ / ১৬ জুন ২০২৫ খ্রিস্টাব্দ

# ৬ষ্ঠ নিয়োগ সুপারিশের জন্য বিজ্ঞপ্তি-২০২৫

দেশের বেসরকারি শিক্ষাপ্রতিষ্ঠানসমূহের (স্কুল, কলেজ, মাদ্রাসা, কারিগরি ও ব্যবসায় ব্যবস্থাপনা) প্রবেশ পর্যায়ে (Entry Level) নিম্নবর্ণিত শিক্ষাপ্রতিষ্ঠানের শূন্যপদ পূরণের লক্ষ্যে শিক্ষক পদে নিবন্ধন সনদধারী প্রার্থীদের নিকট থেকে নিম্নলিখিত শর্তে অনলাইন আবেদন (e-Application) আহবান করা যাচ্ছে:

১. শূন্যপদের বিবরণ :

| শিক্ষাপ্রতিষ্ঠানের ধরন | পদের ধরন | সংখ্যা |
|---|---|---|
| স্কুল ও কলেজ | এমপিও | ৪৬,২১১ |
| মাদ্রাসা | এমপিও | ৫৩,৫০১ |
| কারিগরি ও ব্যবসায় ব্যবস্থাপনা প্রতিষ্ঠান | এমপিও | ১,১১০ |
| | সর্বমোট | **১,০০,৮২২** |

২. **১,০০,৮২২** টি শূন্যপদের পদভিত্তিক তালিকা এবং আবেদন ফরম এনটিআরসিএ এর ওয়েবসাইট (www.ntrca.gov.bd) এবং টেলিটক বাংলাদেশ লিমিটেড এর ওয়েবসাইট (http://ngi.teletalk.com.bd) এ **২২ জুন ২০২৫** খ্রি. তারিখে বেলা ১২.০০ ঘটিকায় প্রকাশ করা হবে এবং একই তারিখ ও সময়ের পর থেকে আবেদন করা যাবে।

৩. **আবেদনকারীর যোগ্যতা:** আবশ্যিকভাবে আবেদনকারীকে নিম্নরূপ যোগ্যতা সম্পন্ন হতে হবে:

(ক) সংশ্লিষ্ট বিষয়, পদ ও প্রতিষ্ঠানের ধরন অনুযায়ী নিবন্ধন সনদধারী হতে হবে;

(খ) এনটিআরসিএ কর্তৃক প্রকাশিত সম্মিলিত মেধা তালিকার অন্তর্ভুক্ত এবং বেসরকারি শিক্ষক নিবন্ধন পরীক্ষা গ্রহণ ও প্রত্যয়ন বিধিমালা, ২০০৬ (সংশোধিত ২০১৫) এর বিধি ১০ (১) মোতাবেক বৈধ নিবন্ধন সনদধারী হতে হবে;

(গ) মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ এবং কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ থেকে জারিকৃত সর্বশেষ জনবল কাঠামো ও এমপিও নীতিমালা অনুযায়ী কাম্য শিক্ষাগত যোগ্যতা সম্পন্ন হতে হবে। কাম্য শিক্ষা যোগ্যতার বিবরণ NTRCA-এর ওয়েবসাইটের **"৬ষ্ঠ নিয়োগ সুপারিশ বিজ্ঞপ্তি"** নামক সেবা বক্সে পাওয়া যাবে;

(ঘ) মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং ৩৭.০০.০০০০.০৭৩.১৪.০৩২. ০৫ (অংশ-১).৭৬ তারিখ: ১৫ মে ২০২৫ মোতাবেক **কোন মহিলা কোটা থাকবে না।**

৪. শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ এবং কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ থেকে জারিকৃত সর্বশেষ জনবল কাঠামো ও এমপিও নীতিমালা অনুযায়ী প্রার্থীকে আবশ্যিকভাবে কেবলমাত্র তার শিক্ষক নিবন্ধন সনদে উল্লিখিত **বিষয় সংশ্লিষ্ট পদ ও শিক্ষাপ্রতিষ্ঠানে** আবেদন করতে হবে। আবেদনকারী মিথ্যা তথ্য প্রদানের মাধ্যমে আবেদন করলে এবং তদানুযায়ী নিয়োগ সুপারিশ প্রাপ্ত হলে উক্ত সুপারিশ বাতিলসহ তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

৫. **ক) আবেদনকারীর বয়স:** আবেদনকারীর **বয়স ০৪ জুন ২০২৫ খ্রি. তারিখে ৩৫ বছর বা তার কম হতে হবে।**

**খ) নিবন্ধন সনদের মেয়াদ:** শিক্ষক নিবন্ধন সনদের মেয়াদ নিবন্ধন পরীক্ষার চূড়ান্ত ফলাফল প্রকাশের তারিখ হতে ০৩ (তিন) বছরের মধ্যে হতে হবে।

৬. প্রত্যেক আবেদনকারী ভিন্ন ভিন্ন নিবন্ধন পরীক্ষায় অর্জিত একাধিক নিবন্ধন সনদপ্রাপ্ত হলেও একই পর্যায় একটি মাত্র সনদ দিয়ে আবেদন করতে পারবেন।

৭. একজন প্রার্থী শূন্যপদের তালিকা থেকে তার আবেদনে সর্বোচ্চ ৪০ (চল্লিশ) টি শিক্ষাপ্রতিষ্ঠানের Choice (পছন্দ) দিতে পারবেন। উক্ত Choice প্রদানের পর কোন প্রার্থী যদি তার Choice বহির্ভূত কোন শিক্ষাপ্রতিষ্ঠানে চাকুরি করতে ইচ্ছুক হন, তবে তাকে e-Application ফরমে প্রদর্শিত 'Other' Option নামক বক্সে 'Yes' Click করতে হবে অথবা কোন প্রার্থী যদি তার Choice বহির্ভূত কোন শিক্ষাপ্রতিষ্ঠানে চাকুরি করতে ইচ্ছুক না হন তবে 'NO' Click করতে হবে। 'Yes' Click করলে তিনটি Option পাওয়া যাবে। যথা: (i) General (ii) Madrasha (iii) Technical। প্রার্থী তার শিক্ষাগত যোগ্যতা অনুযায়ী তিনটি Option এর যে কোন একটি অথবা দুইটি অথবা তিনটি Option এ Choice (পছন্দ) প্রদান করতে পারবেন। তিনটি Option এর মধ্যে একাধিক Option পছন্দ করার ক্ষেত্রে প্রার্থীর পছন্দক্রম অনুযায়ী তাকে নিয়োগ সুপারিশের জন্য বিবেচনা করা হবে।

৮. প্রার্থীর আবেদনে বর্ণিত Choice এর প্রেক্ষিতে প্রার্থীর পদভিত্তিক মেধাক্রম ও পছন্দক্রম অনুসারে ফলাফল Process করা হবে। যদি কোন প্রার্থী তার Choice অনুযায়ী কোন প্রতিষ্ঠানে নির্বাচিত না হন এবং তিনি যদি Other Option এ Yes Click করে থাকেন, সেক্ষেত্রে শূন্যপদ থাকা সাপেক্ষে প্রার্থীর মেধাক্রম বিবেচনা করে দেশের যে কোন শিক্ষাপ্রতিষ্ঠানে নির্বাচনের নিমিত্ত ফলাফল Process করা হবে।

৯. কোন প্রার্থীর যদি স্কুল ও কলেজ উভয় পর্যায়ের সনদ থাকে এবং তিনি যদি উভয় পর্যায়ের পদে আবেদন করেন তবে প্রথমে তাকে কলেজ পর্যায়ে বিবেচনা করা হবে। কলেজ পর্যায়ে নির্বাচিত না হলে স্কুল পর্যায়ে বিবেচনা করা হবে। কলেজ পর্যায়ে নির্বাচিত হলে স্কুল পর্যায়ে বিবেচনা করা হবে না।

১০. **(ক)** একটি পর্যায়ে আবেদনকারীকে নির্ধারিত **১০০০.০০ (এক হাজার) টাকা** ফি প্রদান করতে হবে। নির্ধারিত ফি পরিশোধ না করলে আবেদনটি বাতিল বলে গণ্য হবে।

**(খ)** সংশ্লিষ্ট নিবন্ধন পরীক্ষার আবেদনে প্রার্থীর ব্যবহৃত ছবি ডাউনলোড করে আবেদন ফরমের নির্ধারিত স্থানে আপলোড করতে হবে।

**(গ)** অনলাইনে আবেদন ফরম পূরণ ও ফি জমা দেয়া সংক্রান্ত নিয়ম টেলিটক বাংলাদেশ লিমিটেড এর http://ngi.teletalk.com.bd ওয়েবসাইটে স্বতন্ত্রভাবে প্রদর্শন করা হয়েছে।

১১. **পুলিশ ভেরিফিকেশন ফরম:** প্রত্যেক আবেদনকারীকে e-Application ফরম পূরণের সময়েই পুলিশ ভেরিফিকেশন ফরমটি যথাযথভাবে পূরণ করতে হবে। নতুবা তার আবেদন ফরমটি বাতিল বলে গণ্য হবে।

১২. **ইনডেক্সধারী (এমপিওভুক্ত কর্মরত) শিক্ষকদের আবেদন সংক্রান্ত নির্দেশনা:**

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের স্মারক নং ৩৭.০০.০০০০.০৭৩.৪৪.০১৭.১৯.১৯ তাং ২৫ জানুয়ারি ২০২৪ খ্রি. মূলে জারিকৃত পরিপত্রের ৭.০ নং অনুচ্ছেদ মোতাবেক "কর্মরত শিক্ষকগণের (ইনডেক্সধারী) ক্ষেত্রে সমপদে নিয়োগ সুপারিশের পুনঃআবেদন বিবেচনা করা হবে না। তবে, কর্মরত পদ ব্যতীত অন্য কোন উচ্চতর বা নিম্নতর পদের জন্য এনটিআরসিএ-এর প্রত্যয়নপত্র থাকলে ইনডেক্সধারী শিক্ষকগণ উক্ত অন্য পদের জন্য আবেদন করতে পারবেন"।

১৩. বেসরকারি শিক্ষাপ্রতিষ্ঠানের (স্কুল ও কলেজ) জনবলকাঠামো ও এমপিও নীতিমালা, ২০২১ এর পরিশিষ্ট "ঘ" এর ২৪ নং ক্রমিক অনুযায়ী "বালিকা বিদ্যালয় ও মহিলা কলেজে সহকারী শিক্ষক (শারীরিক শিক্ষা) পদে শুধুমাত্র মহিলা প্রার্থীরাই আবেদনের যোগ্য হবেন"। প্রার্থী মিথ্যা তথ্য দিয়ে এ ধরনের প্রতিষ্ঠানে আবেদন করে নিয়োগ সুপারিশপ্রাপ্ত হলে তার নিয়োগ সুপারিশ বাতিল বলে গণ্য হবে।

১৪. বেসরকারি শিক্ষাপ্রতিষ্ঠানের (স্কুল ও কলেজ) জনবলকাঠামো ও এমপিও নীতিমালা, ২০২১ এর পরিশিষ্ট "ঘ" এর ২১ নং ক্রমিক অনুযায়ী সহকারী শিক্ষক (ধর্ম ও নৈতিক শিক্ষা) পদে চাকরি প্রত্যাশী আবেদনকারীকে অবশ্যই সে ধর্মের অনুসারী হতে হবে। মিথ্যা তথ্য দিয়ে আবেদন করে নিয়োগ সুপারিশ পেলে তার নিয়োগ সুপারিশ বাতিল বলে গণ্য হবে।

১৫. আবেদন ফরম পূরণের সময় প্রার্থীকে তার নিজস্ব মোবাইল নম্বর এবং সচল ই-মেইল এড্রেস ব্যবহার করতে হবে।

১৬. আবেদন ফরমটি (e-Application) পূরণের ক্ষেত্রে যথেষ্ট সতর্কতা অবলম্বন করতে হবে। ফরম পূরণ শেষে একবার আবেদনপত্র Submit হয়ে গেলে তা কোন ভাবেই সংশোধনের সুযোগ থাকবে না।

১৭. সকল আবেদনকারী নির্ধারিত ফি পরিশোধ সাপেক্ষে অনলাইনে সফলভাবে আবেদন পেশ করার পর আবেদনকারীকে স্ব-উদ্যোগে দাখিলকৃত আবেদনের (Applicant's copy) একটি প্রিন্ট কপি সংরক্ষণ করতে হবে।

১৮. **আবেদন ফি প্রদানের তারিখ ও সময়: (ক)** e-Application ফরম পুরণ ও ফি জমা প্রদান শুরুর **তারিখ ও সময় ২২ জুন ২০২৫ খ্রি. দুপুর ১২.০০ ঘটিকা। শেষ তারিখ ও সময় পর্যন্ত অপেক্ষা না করে** Application ফরম Submit এর পর পরবর্তী ৭২ ঘন্টার মধ্যে e-Application ফি জমা দিতে হবে।

**(খ)** e-Application জমা প্রদানের শেষ তারিখ ও সময় **১০ জুলাই ২০২৫** খ্রি. দিবাগত রাত ১২.০০ ঘটিকা। যে সকল প্রার্থী শেষ সময়ে আবেদন করার ফলে Application ID পাওয়া সত্ত্বেও নির্ধারিত সময়ের মধ্যে টাকা জমা দিতে পারবেন না তাদেরকে আগামী **১৩ জুলাই ২০২৫** খ্রি. তারিখ দিবাগত রাত ১২.০০ ঘটিকা পর্যন্ত SMS এর মাধ্যমে ফি জমা দেয়ার সুযোগ দেওয়া হবে।

১৯. প্রাপ্ত আবেদনসমূহ শূন্যপদের চাহিদা অনুযায়ী প্রতিটি পদের বিপরীতে প্রার্থীদের পছন্দ ও মেধার ভিত্তিতে একজন করে প্রার্থী নির্বাচন করা হবে এবং তা প্রার্থী ও সংশ্লিষ্ট শিক্ষাপ্রতিষ্ঠানকে অবহিত করা হবে।

২০. নিয়োগ সুপারিশে বর্ণিত সময়সীমার মধ্যে যদি কোন শিক্ষাপ্রতিষ্ঠান সুপারিশকৃত প্রার্থীকে নিয়োগপত্র প্রদানে ব্যর্থ হয়, তবে জনবল কাঠামো ও এমপিও নীতিমালা অনুযায়ী ঐ সকল প্রতিষ্ঠানের প্রতিষ্ঠানপ্রধানের এমপিও স্থগিত/বাতিলকরণ এবং ম্যানেজিং কমিটি/গভর্নিং বডি বাতিল করণের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে।

২১. প্রতিষ্ঠানপ্রধান কর্তৃক দাখিলকৃত শূন্যপদসমূহের চাহিদা সংশ্লিষ্ট উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, জেলা শিক্ষা অফিসার এর মাধ্যমে সংগৃহীত হওয়ায় ভুল চাহিদাজনিত কারণে নিয়োগ সুপারিশে কোন জটিলতার জন্য এনটিআরসিএ দায়ী থাকবে না।

২২. মামলা/আইনগত কোন জটিলতার কারণে অনলাইনে প্রকাশিত বিজ্ঞপ্তির কোন পদে নিয়োগ প্রদান সম্ভব না হলে বর্ণিত কারণের জন্য এনটিআরসিএ দায়ী থাকবে না।

২৩. এই গণবিজ্ঞপ্তির যে কোন শর্ত এবং প্রকাশিত বিজ্ঞপ্তি NTRCA যে কোন সময়ে সংযোজন, বিয়োজন, পরিবর্তন এবং স্থগিতের অধিকার সংরক্ষণ করে।

মোঃ শাহাদাত হোসেন (যুগ্মসচিব)
সদস্য (শিক্ষাতত্ত্ব ও শিক্ষামান)
এনটিআরসিএ, ঢাকা
ফোন : ০২-৪১০৩০০৪৬.